

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

রাজশাহী

প্রেস বিজ্ঞপ্তি

বন্ধঘোষিত রাজশাহী ও ঠাকুরগাঁও রেশম কারখানা চালুর বিষয়ে বোর্ডে মত বিনিময় সভা

রাজশাহী/ ২৭-০৮-১৫

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের বন্ধঘোষিত রাজশাহী ও ঠাকুরগাঁও রেশম কারখানা চালুর বিষয়ে বোর্ডের সম্মেলন কক্ষে আজ সকাল ১০.০০ ঘটিকায় একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক আনিস-উল-হক ভূইয়া এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় রেশম শিল্পের সাথে জড়িত বিশেষজ্ঞ ব্যক্তিগণ এবং বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তাদের সমন্বয়ে এই মতবিনিময় সভার আয়োজন করা হয়।

মতবিনিময় সভায় রেশম শিল্পের হারানো ঐতিহ্য ফিরিয়ে আনার জন্য রাজশাহী ও ঠাকুরগাঁও রেশম কারখানা চালুকরার বিষয়ে বিভিন্ন সুপারিশ করা হয়। তবে কারখানা দুটি কোন পদ্ধতিতে চালু করা হবে সে বিষয়ে পৃথক পৃথক সুপারিশ আসলেও রেশম শিল্পের উন্নয়নে এক্ষেত্রে স্বল্প পরিসরে হলেও কারখানা চালুকরার বিষয়ে সকলে একমত প্রকাশ করেন।

মতবিনিময় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড: মো: মোস্তাফিজুর রহমান এবং ড: মোখলেসুর রহমান, সদস্য(অর্থ: ও পরি:) মো: নাজীবুল ইসলাম, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর পরিচালক মো: জামালউদ্দীন শাহু, রেশম উন্নয়ন বোর্ডের সদস্য(সম্প্র: ও প্রেষণা:) মো: সেরাজুল ইসলাম, সচিব মো: জায়েদুল ইসলাম, রাজশাহী টেক্সটাইল মিলস্ এর ডিজিএম শেখ আবুয়াল হোসেন, বিভাগীয় বস্ত্র পরিদপ্তর এর উপ-পরিচালক দীন মোহম্মদ আলী, সপুরা সিল্ক মিলস্ লি: এর ব্যবস্থাপনা পরিচালক মো: সদর আলী, ব্র্যাকের প্রতিনিধি মো: আব্দুল মান্নান, রাজশাহী জুট মিলের ইন্জি: সৌমেন মুখার্জী, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সাবেক প্রধান পরিকল্পনা(পরি:) ডা: মো: আব্দুর রশিদ, বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট এর সাবেক সিনিয়র রিসার্স অফিসার(পিআরএল) মো: শওকত আলী, সিবিএ সভাপতি মো: আবু সেলিমসহ রেশম উন্নয়ন বোর্ডের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

মতবিনিময় সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বোর্ডের সদস্য(অর্থ: ও পরি:) মো: নাজীবুল ইসলাম,

স্বাক্ষরিত/২৭-০৮-১৫

সুমন ঠাকুর

জনসংযোগ কর্মকর্তা

ফোন: ৭৭৫০১৩

মোবা: ০১৭৩১৫০৮৪৭৭

বি:দ্র: ছবি ইমেইল করা হয়েছে।